

## 📃 আল-আ'রাফ | Al-A'raf | ٱلْأَعْرَاف

আয়াতঃ ৭: ৭২

## **া** আরবি মূল আয়াত:

فَانجَينُهُ وَ الَّذِينَ مَعَهُ بِرَحمَةٍ مِّنَّا وَ قَطَعنَا دَابِرَ الَّذِينَ كَذَّبُوا بِأَيٰتِنَا وَ مَا كَانُوا مُؤمِنِينَ ﴿٧٢﴾

## 

অতঃপর আমি তাকে ও তার সাথে যারা ছিল, তাদেরকে আমার পক্ষ থেকে রহমত দ্বারা রক্ষা করেছি এবং তাদের মূল কেটে দিয়েছি, যারা আমার আয়াতসমূহ অস্বীকার করেছিল। আর তারা মুমিন ছিল না। — আল-বায়ান আমার করুণায় আমি তাকে ও তার সঙ্গী-সাথীদেরকে রক্ষা করলাম আর আমার নিদর্শনাবলীকে যারা অস্বীকার করেছিল এবং ঈমান আনেনি তাদের মূল উৎপাটন করলাম। — তাইসিরুল

অতঃপর আমি তাকে (হুদকে) এবং তার সঙ্গী-সাথীদেরকে আমার অনুগ্রহে রক্ষা করলাম, আর যারা আমার নিদর্শনকে মিথ্যা প্রতিপন্ন করেছিল এবং যারা ঈমানদার ছিলনা তাদের মূলোৎপাটন করে ছাড়লাম। — মুজিবুর রহমান

So We saved him and those with him by mercy from Us. And We eliminated those who denied Our signs, and they were not [at all] believers. — Sahih International

- ৭২. তারপর আমরা তাকে ও তার সাথীদেরকে আমাদের অনুগ্রহে উদ্ধার করেছিলাম; আর আমাদের আয়াতসমূহে যারা মিথ্যারোপ করেছিল এবং যারা মুমিন ছিল না তাদেরকে নির্মুল করেছিলাম।(১)
  - (১) এ অনুবাদটি এ হিসেবে যে, তাদের ধ্বংসের কারণ দুটি। তারা মিথ্যারোপ করেছিল এবং ঈমান না এনে কৃফরী করেছিল। [আত-তাহরীর ওয়াত তানওয়ীর] আয়াতের অর্থ এভাবেও করা যায় যে, যারা আমার আয়াতসমূহে মিথ্যারোপ করেছিল তাদেরকে সমূলে ধ্বংস করে দিয়েছি। আর তারা ঈমান গ্রহণকারী ছিল না, কারণ তারা আয়াতসমূহের উপর মিথ্যারোপ এবং সৎকাজ ছেড়ে দিয়েছিল। [মুয়াসসার]

তাফসীরে জাকারিয়া

- (৭২) অতঃপর তাকে ও তার সঙ্গীদেরকে আমার দয়াতে উদ্ধার করেছিলাম এবং আমার নিদর্শনসমূহকে যারা মিথ্যা মনে করেছিল এবং যারা অবিশ্বাসী ছিল তাদেরকে নির্মূল করেছিলাম। [1]
  - [1] এই জাতির উপর প্রবল ঝঞ্চাবায়ুর আযাব এসেছিল। তা সাত রাত এবং আট দিন পর্যন্ত লাগাতার অব্যাহত



ছিল। আর এই ঝঞ্চাবায়ু প্রতিটি জিনিসকে ধূলিসাৎ করে ছেড়েছিল। যে আ'দ গোত্রের লোকেরা নিজেদের শক্তির উপর বড়ই অহংকার প্রদর্শন করত, তাদের লাশগুলো কাটা খেজুর গাছের কান্ডের ন্যায় মাটিতে পড়েছিল। (সূরা হাক্কার ৬-৮নং, সূরা হূদের ৫৩-৫৬নং এবং সূরা আহক্কাফের ২৪-২৫নং আয়াতগুলো দ্রস্টব্য।)

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1026

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন